Y
Comisiwn
Etholiadol

The
Electoral
Commission

2022 ওয়েলস লোকাল গভর্নমেন্ট ইলেকশনে ভোটদান

যোগ্য বিদেশী নাগরিকদের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আমি কি 2022 লোকাল গভর্নমেন্ট ইলেকশনে ভোট দিতে পারবো?

আপনি যদি ওয়েলসে বসবাসকারী একজন যোগ্য বিদেশী নাগরিক হন এবং 16 বা তার বেশি বয়সী হন, তাহলে আপনি লোকাল গভর্নমেন্ট নির্বাচনে ভোট দিতে পারবেন। একজন যোগ্য বিদেশী হলেন অন্য দেশের একজন নাগরিক যার যুক্তরাজ্যে প্রবেশের বা থাকার অনুমতি রয়েছে, অথবা যার এই ধরনের অনুমতির প্রয়োজন নেই।

আপনার যদি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করা সম্পর্কে প্রশ্ন থাকে তবে আপনি আপনার স্থানীয় নির্বাচনী নিবন্ধকরণ টিমের সাথে যোগাযোগ করতে পারেন, আপনার পোস্টকোড এখানে প্রবেশ করিয়ে তাদের সাথে যোগাযোগের বিবরণ সন্ধান করুন electoralcommission.org.uk/i-am-a/voter/your-election-information.

লোকাল গভর্নমেন্ট এর কাজ কী?

লোকাল কাউন্সিলগুলো (কখনো কখনো লোকাল গভর্নমেন্ট বা লোকাল অথোরিটি বলা হয়) সেইসব স্থানীয় বিষয়গুলোর ব্যাপারে সিদ্ধান্ত নেয় যেগুলো আপনাকে দৈনন্দিন ভিত্তিতে প্রভাবিত করে। সোশ্যাল হাউজিং, শিক্ষা, লাইব্রেরী, পার্ক ও পাবলিক প্লেস, রাস্তা ও ফুটপাথ এবং সোশ্যাল সার্ভিস সহ স্থানীয় পরিষেবাগুলোর দায়িত্বে থাকে কাউন্সিলগুলো।

আপনার লোকাল কাউন্সিলে আপনার প্রতিনিধিত্ব করার জন্য প্রতি চার বছরে লোকাল কাউন্সিলররা নির্বাচিত হন। আপনার লোকাল কাউন্সিলের অধীনে থাকা এলাকাকে ছোট ছোট এলাকায় বিভক্ত করা হয় যেগুলোকে ওয়ার্ড বলা হয়। চারজন পর্যন্ত লোকাল কাউন্সিলর আপনার ওয়ার্ডের প্রতিনিধিত্ব করতে পারেন।

আপনার লোকাল কাউন্সিলর স্থানীয় পরিষেবাগুলোতে কতটা ব্যয় করতে হবে তা হিসাব করা এবং আপনার এলাকার জন্য ভবিষ্যৎ পরিকল্পনা তৈরি করার কাজে সম্পৃক্ত থাকবেন।

আমাকে কেন ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে হবে?

আপনার কাছে যে বিষয়গুলো গুরুত্বপূর্ণ সেগুলো সম্পর্কে এবং লোকাল গভর্নমেন্টে কে আপনার প্রতিনিধিত্ব করুক বলে আপনি চান সে সম্পর্কে জানাতে চাইলে আপনার ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে হবে।

আমি কীভাবে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করবো?

আপনি এখানে অনলাইনে নিবন্ধন করতে পারেন www.gov.uk/registertovote. এতে কেবল পাঁচ মিনিট সময় লাগবে এবং আপনার যা দরকার হবে তা হলো আপনার ন্যাশনাল ইনস্যুরেন্স নম্বর এবং জন্ম তারিখ। 2022 লোকাল গভর্নমেন্ট নির্বাচনে ভোট দেওয়ার জন্য নিবন্ধনের সময়সীমা হলো **14 এপ্রিল 2022**

আপনি যদি অনলাইনে নিবন্ধন করতে সক্ষম না হন তাহলে আপনি ডাকযোগে নিবন্ধন করতে পারেন। https://www.gov.uk/government/collections/register-to-vote-paper-forms থেকে একটি ফর্ম ডাউনলোড করুন।

আপনার যদি কোনো ন্যাশনাল ইনস্যুরেন্স নম্বর না থাকে, তাহলে আপনার নিবন্ধনের অ্যাপ্লিকেশনটিতে তা উল্লেখ করতে হবে তারপর জমা দিতে হবে। তারপরে আপনার ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার আপনার পরিচয় প্রমাণের জন্য নথিভিত্তিক প্রমাণ সরবরাহ করতে বলার জন্য আপনার সাথে যোগাযোগ করবেন।

আমাকে কি ভোট দিতে হবে?

ওয়েলসের সমস্ত নির্বাচনে, আপনার ভোটের অধিকার আপনারই। আপনি ভোট দিতে চান নাকি চান না এবং আপনি কাকে ভোট দিতে চান সেই সিদ্ধান্ত আপনি নিতে পারেন। আপনার ইচ্ছার বিরুদ্ধে কোনো নির্দিষ্ট উপায়ে ভোট দিতে কেউ আপনাকে প্রভাবিত করলে তা অবৈধ হবে।

আমি ভোট দিতে গেলে কী হবে?

আপনি যখন ভোটকেন্দ্রে পৌঁছাবেন তখন স্টাফদের একজন সদস্য আপনার নাম এবং ঠিকানা জিজ্ঞাসা করবেন এবং তারপর আপনাকে আপনার ব্যালট পেপার দেবেন। তারপর আপনাকে আপনার ব্যালট পেপারগুলো একটি ভোটপ্রদানের বুথে নিয়ে যাওয়ার নির্দেশনা দেওয়া হবে যেখানে আপনি আপনার ব্যালট পেপার পূরণ করতে পারবেন।

ব্যালট পেপার

আপনার ওয়ার্ডে (আপনার স্থানীয় এলাকা) প্রতিনিধিত্ব করার জন্য একজন প্রার্থীকে ভোট দিতে এই ব্যালট পেপারটি ব্যবহার করুন। ভোট দিতে, একজন প্রার্থীর নামের বিপরীতে থাকা বাক্সে একটি ক্রস (X) চিহ্ন দিন। সর্বাধিক ভোট প্রাপ্ত প্রার্থী আপনার ওয়ার্ডের লোকাল কাউন্সিলর হবেন।



কাকে ভোট দিবো সেই সিদ্ধান্ত আমি কীভাবে নেবো?

আপনার সেই প্রার্থীকে বেছে নেওয়া উচিৎ যাকে আপনার কাছে আপনার প্রতিনিধিত্ব করার জন্য সেরা ব্যক্তি বলে মনে হবে। তাদের দৃষ্টিভঙ্গি হয়তো আপনার সাথে মিলে অথবা আপনি যেই বিষয়গুলোকে গুরুত্বপূর্ণ মনে করেন তারা সেগুলোকে অগ্রাধিকার দেন।

প্রতিটি কাউন্সিল ওয়ার্ড একটি নির্বাচনে দাঁড়ানো প্রার্থীদের তালিকা সাধারণত নির্বাচনের কয়েক সপ্তাহ আগে কাউন্সিলের ওয়েবসাইটে পাওয়া যায়।

আমি ভোট দিতে কোথায় যাবো?

আপনার পরিবারের যারা ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হয়েছেন তারা নির্বাচনের আগে একটি পোল কার্ড পাবেন। আপনার পোল কার্ডে লেখা থাকবে ভোট দেওয়ার জন্য আপনাকে কোথায় যেতে হবে।

আমার ভোট কি গোপন রাখা হবে?

হ্যাঁ। আপনার ভোটটি আপনার একার এবং আপনি কাকে ভোট দিয়েছেন তা আপনার কাউকে জানাতে হবে না। একবার আপনি আপনার ভোট ব্যালট বাক্সে রেখে দিলে বা ডাকযোগে তা ফেরত পাঠিয়ে দিলে, সমস্ত ভোট গণনা করার জন্য প্রস্তুত না হওয়া পর্যন্ত এটি নিরাপদ ও সুরক্ষিত থাকবে।

সমস্ত ব্যালট পেপারগুলো গণনার সময় একত্রে মিশ্রিত হয়ে যায়, তাই আপনি কাকে ভোট দিয়েছেন তা কেউ বলতে সক্ষম হবে না।

আমি কোভিড-19 সম্পর্কে চিন্তিত, সশরীরে ভোট দেওয়া কি নিরাপদ হবে?

ভোটকেন্দ্রগুলো ভোট দেওয়ার জন্য নিরাপদ স্থান হবে। আপনাকে ভোটদানের স্থানে নিরাপদে থাকতে সাহায্য করার জন্য স্বাস্থ্যবিধি এবং দূরত্ব বজায় রাখার ব্যবস্থা গ্রহণ করা হতে পারে। এর মধ্যে হ্যান্ড স্যানিটাইজার, মেঝেতে মার্ক করা এবং ফেস মাস্ক অন্তর্ভুক্ত থাকতে পারে।

আপনি যদি ডাকযোগে বা অন্য কেউ আপনার হয়ে ভোট দিক বলে চান, তাহলে প্রথমে আপনাকে ভোট দেওয়ার জন্য নিবন্ধভুক্ত হতে হবে এবং তারপর আপনি ডাক বা বদলি দিয়ে ভোট দেওয়ার জন্য আবেদন করতে পারেন। আপনার আবেদনটি প্রক্রিয়া করতে আপনার নির্বাচনের টিমকে পর্যাপ্ত সময় দেওয়ার জন্য তাড়াতাড়ি আবেদন করার বিষয়টি নিশ্চিত করুন। আরো তথ্যের জন্য বা একটি ডাক-সংক্রান্ত বা বদলি অ্যাপ্লিকেশন ফর্ম পেতে www.electoralcommission.org.uk/i-am-a/voter -এ যান অথবা 0800 3 280 280 নম্বরে আমাদের হেল্পলাইনে কল করুন।

আমি কোথায় আরো বেশি তথ্য পেতে পারি?

আপনি এখান থেকে ভোট দেওয়ার বিষয়ে আরো তথ্য পেতে পারেন www.electoralcommission.org.uk/i-am-a/voter.